

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
 খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৰ
 ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৰ (বিএমডি)-এর ১ম কোয়ার্টারের নেতৃত্বিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ জাফর উল্লাহ
	মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৰ।
তারিখ	: ২৮ আগস্ট ২০১৯
সময়	: সকাল ১০.০০ টা
স্থান	: খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৰ (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। ১ম কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, উত্তম চর্চা তালিকা প্রণয়ন, বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।	উপপরিচালক জনাব মো: মামুনুর রশীদকে তার অধিক্ষেত্রাধীন নীলফামারী জেলার ডিমলা উপজেলায় পাথর কোয়ারি/ বালু মিশ্রিত পাথর কোয়ারিতে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মো : মামুনুর রশীদ, উপপরিচালক
২.২	সভায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। সে লক্ষ্যে ০৫.০৯.২০১৯ তারিখে সুশাসন নিয়ে একটি প্রশিক্ষণের আয়োজন করতে নির্দেশ প্রদান করা হয়। কর্ম-পরিকল্পনা অনুযায়ী উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে থাকবেন জনাব মুহম্মদ গোলামুর রহমান, পরিচালক (উপসচিব) এবং প্রশিক্ষণার্থী হিসেবে থাকবেন এ দপ্তরের প্রথম	০৫.০৯.২০১৯ কর্মকর্তাদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

	শ্রেণীর কর্মকর্তাগণ।		
২.৩	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ৫.১ ক্রমিকের আওতায় উত্তম চর্চার তালিকা ৩০.০৯.২০১৯ তারিখের মধ্যে প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী উত্তম চর্চার তালিকা প্রস্তুতপূর্বক জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	উত্তম চর্চার তালিকা প্রস্তুতপূর্বক জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নেতৃত্বক কমিটি
২.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ৫.২ ক্রমিকের আওতায় বাংলাদেশ ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ৫.৩ ক্রমিকের আওতায় জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ এর বিধি ৪ অনুসারে “ডেজিগনেটেড অফিসার” নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন। সকলের মতামতের আলোকে বিএমডির সহকারী পরিচালক (ভূ-পদার্থ) জনাব মো : মাহফুজুর রহমানকে বাংলাদেশ ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জনাব আজিজুল হককে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-কে ডেজিগনেটেড অফিসার হিসেবে মনোনয়ন প্রদান করা হয়।	ক) বিএমডির সহকারী পরিচালক (ভূ-পদার্থ) জনাব মো : মাহফুজুর রহমানকে বাংলাদেশ ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জনাব আজিজুল হককে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-কে ডেজিগনেটেড অফিসার হিসেবে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	নেতৃত্বক কমিটি
২.৫	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিএমডির ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব এস.এম আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক (সংযুক্ত) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৫.০৭.২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্ত্ব হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্ত্ব হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্ত্ব	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত) /আইসিটি কর্মকর্তা

~~~

|     |                                                                                                                                                                                                                                                                                                    |                                                                                                                 |                                                        |
|-----|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------|
|     | হালনাগাদকরণ করা হয়েছে।                                                                                                                                                                                                                                                                            |                                                                                                                 |                                                        |
| ২.৬ | বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ৭.১ ক্রমিকের আওতায় পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩১.০৭.২০১৯ তারিখের মধ্যে প্রনয়নের লক্ষ্যমাত্রা ছিল, যা ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | প্রণয়নকৃত ২০১৯-২০ অর্থবছরের<br>ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা<br>অনুযায়ী হালনাগাদ রাখার সিদ্ধান্ত<br>গৃহীত হয়। | সহকারী<br>পরিচালক<br>(সংযুক্ত)<br>/আইসিটি<br>কর্মকর্তা |

৩.০      সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(মোঃ জাফর উল্লাহ)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ও  
আহ্বায়ক, নেতৃত্বকর্তা কমিটি

২৮.০৭.০০০০.০০৮.৩৬.০০১.১৩, ১ শত

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৬  
০৭ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।  
২। সংশ্লিষ্ট নথি।

(মোঃ জাফর উল্লাহ)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)